

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৩
আগরতলা, ২৯ এপ্রিল, ২০২৬

পুষ্পবন্ত প্রাসাদে হোটেল নির্মাণের বিষয়ে
মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে বৈঠক অনুষ্ঠিত

পুষ্পবন্ত প্রাসাদে টাটা গ্রুপে আধুনিক হোটেল নির্মাণের বিষয়ে টিএফটিআই এর ওয়ার রুমে আজ মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সভাপতিত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ইন্ডিয়ান হোটেল কোম্পানী লিমিটেডের এরিয়া ডিরেক্টর এবং জেনারেল ম্যানেজার জয়ন্ত দাস হোটেল নির্মাণের বিষয়ে মুখ্যমন্ত্রীকে বিস্তারিত অবহিত করেন।

আলোচনায় মুখ্যমন্ত্রী হোটেল নির্মাণের কাজ দ্রুত শুরু করার জন্য গুরুত্ব আরোপ করেন। হোটেলের অভ্যন্তরীণ সাজসজ্জায় রাজ্যের উৎপাদিত রাবার কাঠ এবং বাঁশ-বেতের উৎপাদিত পণ্য ব্যবহারের জন্য পরামর্শ দেন। হোটেলে প্রচলিত বিদ্যুৎ ব্যবস্থার পাশাপাশি সৌরশক্তি ব্যবহার করার জন্যও পরামর্শ দেন। আলোচনা সভায় অর্থসচিব অপূর্ব রায়, পূর্ত ও স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্তে, শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব টি কে ডার্লিং, পর্যটন দপ্তরের অধিকর্তা অনিরুদ্ধ রায়, নগর উন্নয়ন দপ্তরের অধিকর্তা মেঘা জৈন, টুডার কমিশনার মিহিরকান্তি গোপ সহ আইএইচসিএল'র সদস্যগণও উপস্থিত ছিলেন।
